# চতুর্থ অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-৪২৯

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ / ০৬ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৬৭৫/২০১৫ মামলার ২৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার সর্বশেষ তথ্যাদি আগামি ১৫/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ সংক্রান্ত।

সূত্র:

| | |
|---|---|
| (১) জেলা প্রশাসক, শেরপুর ও সভাপতি, কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা'র স্মারক নং-কু/তে/ফা/ম/০১/২১/১৪/শেরপুর, | তারিখ: ২১/০৫/২০১৪ খ্রি. |
| (২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৬.০১.২২৬.১৫-৬১১, | তারিখ: ২৯/১১/২০১৫ খ্রি. |
| (৩) জেলা প্রশাসক, শেরপুর ও সভাপতি, কুমরী তেঘরিয়া ফা: মাদ্রাসা'র স্মারক নং-০৫.৩০.৮৯০০.০০৬.১৮.০৩০.২০১৫-৯৫৭, | তারিখ: ২২/১২/২০১৫খ্রি. |
| (৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৭.১৮-১৩৫, | তারিখ: ২৩/০৫/২০১৯ খ্রি. |
| (৫) জনাব মো: রোস্তম আলী, প্রভাষক (ইংরেজি), কুমরী তেঘরিয়া ফাজিল মাদ্রাসা, সদর, শেরপুর এর আবেদন, | তারিখ: ১০/১০/২০১৯ খ্রি. |
| (৬) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-৬২, | তারিখ: ২৬/০১/২০২০ খ্রি. |
| (৭) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-২১৯, | তারিখ: ২৩/০৮/২০২০ খ্রি. |
| (৮) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬০.১৯-৩০২/১, | তারিখ: ০৭/১০/২০২০ খ্রি. |

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমুহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: রোস্তম আলী, প্রভাষক (ইংরেজি) গত ২১/০৫/২০১৪ তারিখে শেরপুর জেলার সদর উপজেলাধীন কুমরী তেঘরিয়া ফাযিল মাদ্রাসা-এর সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালনের জন্য সূত্রোক্ত (১) নং পত্রমূলে আদেশপ্রাপ্ত হন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনরত অবস্থায় জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে প্রতারণা, জাল সনদ, জালিয়াতি ও অনিয়মের কারণে তার বেতন-ভাতাদি বন্ধ ও বরখাস্তকরণসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি-কে নির্দেশনা দিয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে গত ২৯/১১/২০১৫ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে পত্র জারি করা হয়।

২। উক্ত পত্রের প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক, জনাব মো: ছামিউল হক এর নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য জনাব মো: রোস্তম আলীকে নির্দেশনা দিয়ে প্রতিষ্ঠানের সভাপতি ও জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক ২২/১২/১৫ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র জারি করা হয়। ফলে জনাব মো: রোস্তম আলী কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/১৫ তারিখের সূত্রোক্ত (২)নং পত্রের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৬৭৫/১৫ মামলা দায়ের করা হয়।

৩। মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং- ১৩৬৭৫/২০১৫ মামলায় ২৩/১২/২০১৫ তারিখের শুনানী শেষে শিক্ষা মন্ত্রণালয়ের ২৯/১১/২০১৫ তারিখের ৬১১ সংখ্যক পত্রের কার্যক্রম ০৩ (তিন) মাস স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রিট মামলার গত ২৪/০৭/২০১৭ তারিখে ঘোষিত রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ- "Accordingly, the Rule is discharged. The Registrar, High Court Division, Bangladesh Supreme Court is hereby directed to cause a petition of complaint filed under section 476 read with section 195 of the Code of Criminal Procedure against the petitioner through a Court Keeper of this Court within 7 (seven) days from the date of receipt of a copy of this judgment. The interim order of stay granted earlier by this Court by this time expired. However, the same is deemed to have been recalled and vacated".

৪। মহামান্য আদালতের উক্ত রায়ের নির্দেশনা অনুযায়ী জনাব মো: রোস্তম আলীর বিরুদ্ধে মুখ্য মহানগর হাকিম আদালতে সি.আর কেস নং-৩৯/২০১৮ দায়ের করা হয়েছে মর্মে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরাবর ডিএমই হতে ২৩/০৫/২০১৯ তারিখে প্রেরিত সূত্রোক্ত (৪) নং পত্র হতে প্রতীয়মান হয়।

৫। পরবর্তীতে জনাব মো: রোস্তম আলী কর্তৃক রিট পিটিশন নং- ১৩৬৭৫/২০১৫ মামলার ২৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ নং-৭৫৮/২০১৮ দায়ের করা হয়। উক্ত সিপিএলএ মামলাটি মঞ্জুরকরত: মাননীয় আপীল আদালত কর্তৃক গত ২৯/৭/২০১৯ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"Further proceeding of C.R Case No. 39 of 2018 pending before the 4th Court of Chief Metropolitan Magistrate-3, Dhaka be stayed till disposal of the appeal.

৬। উক্ত মামলা সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডি-কে অবহিত করার জন্য সূত্রোক্ত (৮) নং স্মারকমূলে তৃতীয় অনুরোধপত্র প্রেরণ করা হয়েছিল কিন্তু কোন জবাব পাওয়া যায়নি। এক্ষণে উক্ত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার হালনাগাদ তথ্যাদি জানা আবশ্যক।

৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৩৬৭৫/২০১৫ মামলার ২৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-৭৫৮/২০১৮ মামলার সর্বশেষ তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ১৫/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে চতুর্থ বারের মতো মহোদয়কে অনুরোধ করা হলো।

০৭/১২/২০২০


(মোঃ আঃ খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
☏: ৪১০৫০১৫৭


মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।